আজকের কাগজ

তারিখ 21 OCT 1993
পৃষ্ঠা ৪ কলাম ৫

১

## ইসলামী বিশ্ববিদ্যালয়ে তিন শিবির বহিষ্কৃত

# প্রতিবাদে একশ' জনকে আল্লাহর নামে জবাইয়ের হুমকি দিচ্ছে শিবির

কুষ্টিয়া ইসলামী বিশ্ববিদ্যালয়ে ৬ জন শিক্ষক আহত হওয়ার ঘটনার তদন্ত শেষে বিশ্ববিদ্যালয় সিন্ডিকেট তিনজন শিবিরের সশস্ত্র ক্যাডারকে বহিষ্কারের সিদ্ধান্ত নিয়েছে। এ ঘটনা জানতে পেরে গতকাল ইসলামী বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে সশস্ত্র শিবির ক্যাডাররা স্লোগান দেয়- তিনজনকে বহিষ্কারের প্রতিবাদে একশ' জনকে আল্লাহর নামে জবাই করা হবে। এ ছাড়া শিবির কর্মিরা ধর ধর বিএনপি ধর, ধইরা ধইরা জবাই কর স্লোগান দেয় বলে প্রত্যক্ষদর্শীরা জানায়। সিন্ডিকেট এ সিদ্ধান্ত আনুষ্ঠানিকভাবে ঘোষণা না করলেও গত ৫ জুলাই শিবিরের সশস্ত্র ক্যাডার কর্তৃক ৬ জন শিক্ষকসহ ২৫ জন ছাত্রদল নেতাকে আহত করা' প্রশাসনিক ভবন ভাংচুরসহ ক্যাম্পাসে রক্ষিত প্রধানমন্ত্রীর ছবিতে আগুন জ্বালিয়ে দেয়া এবং প্রধানমন্ত্রী রোপিত গাছ উপড়ে ফেলার অপরাধে গত মঙ্গলবার গভীর রাত পর্যন্ত সিন্ডিকেটের ৮১তম মুলতবি সভায় এ সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে বলে একটি সূত্রে জানা গেছে। সূত্র আরো জানিয়েছে, বহিষ্কৃতদের নাম এ রিপোর্ট লেখা পর্যন্ত ঘোষণা করা হয়নি। তবে সূত্র জানিয়েছে, দাওয়া বিভাগের ছাত্র নতুন হল শাখা শিবিরের সম্পাদক মাকসুদুল হককে ও শিবিরের সন্ত্রাসী ক্যাডার লোক প্রশাসন বিভাগের ছাত্র জাকির হোসেনকে দু'বছর এবং ব্যবস্থাপনা বিভাগের ছাত্র ও শিবির ক্যাম্পাস শাখার সম্পাদক আবু জাফর আদমকে ৪ বছরের জন্যে বহিষ্কারের সিদ্ধান্ত নিয়েছে। সিদ্ধান্ত জানাজানি হলে শিবির ডীন ও সিন্ডিকেট সদস্য আশরাফ আলীর কার্যালয় ঘিরে ফেলে আগ্নেয়াস্ত্র প্রদর্শন করে সিদ্ধান্ত প্রত্যাহারের দাবি জানায়।

এদিকে শিবির ক্যাডাররা ক্যাম্পাসে অবস্থান করায় ছাত্র-ছাত্রীদের মধ্যে উত্তেজনা বিরাজ করছে। কুষ্টিয়া থেকে শাহ আরিফ নিশির